

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, ফেব্রুয়ারি ২৬, ২০১৩

বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২৬ ফেব্রুয়ারি, ২০১৩/১৪ ফাল্গুন, ১৪১৯

সংসদ কর্তৃক গৃহীত নিম্নলিখিত আইনটি ২৬ ফেব্রুয়ারি, ২০১৩/১৪ ফাল্গুন, ১৪১৯ তারিখে
রাষ্ট্রপতির সম্মতি লাভ করিয়াছে এবং এতদ্বারা এই আইনটি সর্বসাধারণের অবগতির জন্য প্রকাশ করা
যাইতেছে :—

২০১৩ সনের ০৯ নং আইন

**Public Servants (Retirement) Act, 1974 এর অধিকতর
সংশোধনকল্পে প্রণীত আইন**

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Public Servants (Retirement) Act,
1974 (Act No. XII of 1974) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই আইন Public Servants (Retirement)
(Amendment) Act, 2013 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

(১৩০৭)
মূল্য : টাকা ৮.০০

২। **Act No. XII of 1974** এর **Section 4A** এর সংশোধন।—Public Servants (Retirement) Act, 1974 (Act No. XII of 1974) এর Section 4A এর—

- (ক) sub-section (1) এ উল্লিখিত “fifty-ninth year” শব্দগুলির পরিবর্তে “sixtieth year” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং
- (খ) sub-section (2) বিলুপ্ত হইবে।

৩। **বিশেষ বিধান।**—এই আইনের ধারা ২ এর দফা (খ) দ্বারা Public Servants (Retirement) Act, 1974 (Act No. XII of 1974) এর section 4A এর sub-section (2) বিলুপ্তকরণ সত্ত্বেও, বিলুপ্তকৃত sub-section (2) এর অধীন কৃত বা চলমান সকল কাজ-কর্ম এমনভাবে কৃত বা চলমান থাকিবে যেন উহা বিলুপ্ত হয় নাই।

৪। **রাহিতকরণ ও হেফাজত।**—(১) Public Servants (Retirement) (Second Amendment) Ordinance, 2012 (২০১২ সনের ১০ নং অধ্যাদেশ), এতদ্বারা রাহিত করা হইল।

(২) উপ-ধারা (১) এর অধীন রাহিতকরণ সত্ত্বেও, রাহিতকৃত অধ্যাদেশের অধীন কৃত সকল কাজ-কর্ম বা গৃহীত ব্যবস্থা এই আইনের অধীন কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে।

মোঃ মাহফুজুর রহমান
সচিব।